

## মাননীয় এসিএনএস (পি) এর সোলাম পরিদর্শন

গত ০৬ ফেব্রুয়ারি ২০১৮ তারিখে মাননীয় সহকারী নৌবাহিনী প্রধান (পার্সোনেল) রিয়ার এডমিরাল এম শাহীন ইকবাল, (ট্যাজ), এনইউপি, এনডিসি, এএফডব্লিউসি, পিএসসি, বিএন সোলাম পরিদর্শন করেন। তিনি ঘাঁটির কর্মকর্তাদের সাথে প্রশিক্ষণ সংক্রান্ত বিষয়ে মতবিনিময় সভায় সভাপতিত্ব করেন এবং বিভিন্ন বিষয়ে দিকনির্দেশনা প্রদান করেন। উক্ত মতবিনিময় সভায় ঘাঁটির কর্তব্যরত কর্মকর্তা ব্যতীত সকল কর্মকর্তা উপস্থিত ছিলেন।



চিত্রঃ মাননীয় এসিএনএস (পি) এর সোলাম পরিদর্শন।

## অধিনায়ক কর্তৃক সোলাম পরিদর্শন

গত ০৮ ফেব্রুয়ারি ২০১৮ তারিখে অত্র ঘাঁটিতে অধিনায়ক কর্তৃক পরিদর্শন অনুষ্ঠিত হয়। উক্ত পরিদর্শনে ঘাঁটির অধিনায়ক ক্যাপ্টেন এ কে এম আমিনুল আজিম, (এস), এএফডব্লিউসি, পিএসসি, বিএন অত্র ঘাঁটির সকল স্থান পরিদর্শন করেন এবং সংশ্লিষ্ট কর্মকর্তাদেরকে বিভিন্ন উন্নয়ন মূলক কার্যক্রমের বিষয়ে দিকনির্দেশনা প্রদান করেন।



চিত্রঃ অধিনায়ক কর্তৃক সোলাম পরিদর্শন।



## সিও'স টক

গত ১৯ ফেব্রুয়ারি ২০১৮ তারিখে অত্র ঘাঁটিতে অধিনায়ক কর্তৃক সিও'স টক অনুষ্ঠিত হয়। উক্ত সিও'স টকে ঘাঁটির কর্তব্যরত কর্মকর্তা ব্যতীত সকল কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন। উক্ত সিও'স টকে ঘাঁটির অধিনায়ক নাবিকদের বিভিন্ন সমস্যার কথা শোনে এবং তার সমাধানের জন্য বিভিন্ন দিকনির্দেশনা প্রদান করেন।



চিত্রঃ সিও'স টক।

## অধিনায়ক কর্তৃক ডিভিশন

গত ২৬ ফেব্রুয়ারি ২০১৮ তারিখে অত্র ঘাঁটিতে অধিনায়ক কর্তৃক ডিভিশন অনুষ্ঠিত হয়। উক্ত ডিভিশনে প্যারেড কমান্ডার ছিলেন ঘাঁটির নিবাহী কর্মকর্তা কমান্ডার এম দুর্গল হুদা, (এন), বিসিজিএম, বিএন এবং ওওজি ছিলেন লেফটেন্যান্ট এম হাসেম, (এসডি)(কম), বিএন। ডিভিশন শেষে অধিনায়ক ক্যাপ্টেন এ কে এম আমিনুল আজিম, (এস), এএফডব্লিউসি, পিএসসি, বিএন ঘাঁটির নাবিকদের উদ্দেশ্যে ভাষণ প্রদান করেন।



চিত্রঃ অধিনায়ক কর্তৃক ডিভিশন।

## কমখুল কাপ ক্রিকেট টুর্নামেন্ট ২০১৮

গত ২৬ ফেব্রুয়ারি ২০১৮ তারিখ হতে বানৌজা মংলাতে কমখুল কাপ ক্রিকেট টুর্নামেন্ট ২০১৮ আরম্ভ হয়। উক্ত টুর্নামেন্টে সোলাম লাল দল হিসেবে প্রতিনিধিত্ব করে এবং চ্যাম্পিয়ন হবার গৌরব অর্জন করে।



চিত্রঃ কমখুল কাপ ক্রিকেট টুর্নামেন্ট ২০১৮।